## জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত গাজীপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর |
| সভার তারিখ | : | ১৪ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | : | বেলা-১১.৩০ ঘটিকা |
| স্থান | : | ভাওয়াল সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত ও অনুপস্থিত কর্মকর্তা/সদস্যগণের নামের তালিকা(পরিশিষ্ট-ক) |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) |
|---|---|---|
| **১. মাদকবিরোধী অভিযান সংক্রান্ত:**<br>ক) গাজীপুর মহানগরের টঙ্গীর বস্তী এলাকাসহ সদর, কাশিমপুর, গাছা ও পূবাইল এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়।<br>খ) গাজীপুর মহানগরসহ প্রত্যেক উপজেলার মাদক প্রবণ এলাকার মাদক সেবন ও বিক্রি বন্ধে মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়।<br>গ) অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা অনুযায়ী মাদকের নতুন নতুন স্পট চিহ্নিত করে নিয়মিতভাবে মাদকবিরোধী অভিযান পরিচালনা করার বিষয়ে আলোচনা হয় । | ক) গাজীপুর মহানগরের মাদকপ্রবণ এলাকায় বিশেষ করে টঙ্গীর কেরানীর টেক, আমতলী ও মাজার বস্তীর মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মাদকবিরোধী অভিযান জোরদারকরণসহ সকল উপজেলায় মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে মাদক বিক্রয়কারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে।<br>গ) গাজীপুর জেলার মাদক ক্রয়-বিক্রয় ও সেবন বন্ধ করার বিষয়ে নজরদারী অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মামলা ও অভিযান পরিচালনা বৃদ্ধি করতে হবে। | ১। পুলিশ সুপার, গাজীপুর<br>২। ডেপুটি পুলিশ কমিশনার (ক্রাইম), জিএমপি, গাজীপুর<br>৩। কমান্ডিং অফিসার, র‍্যাব-১, পোড়াবাড়ী, গাজীপুর<br>৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর<br>৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর<br>৬। উপজেলা নির্বাহী অফিসার(সকল), গাজীপুর<br>৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর |
| **২. মাদকবিরোধী গণসচেতনতা সংক্রান্ত:**<br>ক) মাদকের ভয়াবহতা সম্পর্কে স্কুল-কলেজের শিক্ষার্থীদের অধিকতর সচেতন করার লক্ষ্যে শিশু-কিশোরদের মধ্যে মাদক বিরোধী আলোচনা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।<br>খ) মাদকবিরোধী জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পর্যায়ে মাদক বিরোধী মোটিভেশনাল কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | ক) স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীগণ যাতে মাদক থেকে দূরে থাকে সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মাদকের ভয়াবহতা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।<br>খ) মাদকের ভয়াবহতা সম্পর্কে জনগণকে অধিকতর সচেতন করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে মাদকবিরোধী লিফলেট ও স্টিকার বিতরণ করতে হবে এবং জনসমাগম স্থলে মাদকবিরোধী শর্ট ফিল্ম প্রদর্শন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), গাজীপুর।<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর<br>৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাজীপুর<br>৪। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর<br>৫। জেলা তথ্য অফিসার, গাজীপুর |
| ৩. গাজীপুর জেলার লাইসেন্সপ্রাপ্ত নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন ও তদারকি করার জন্যও নির্দেশনা প্রদান করেন। | ক) লাইসেন্সপ্রাপ্ত নিরাময় কেন্দ্রগুলোতে নিয়মিত যৌথভাবে পরিদর্শন ও প্রতিবেদন দাখিল করতে হবে এবং অবৈধ মাদকসক্তি নিরাময় কেন্দ্র যাতে গড়ে না ওঠে সেদিকে নজরদারি বাড়াতে হবে।<br>খ) লাইসেন্সপ্রাপ্ত নিরাময় কেন্দ্র গুলোতে রোগীদের সেবার মান উন্নত রাখার লক্ষ্যে নিয়মিতভাবে নিরাময় কেন্দ্র গুলো মনিটরিং করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), গাজীপুর<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর |

Scanned with OKEN Scanner

| | | |
|---|---|---|
| ৪. ট্রাস্কফোর্স অভিযান সংক্রান্ত:<br>ক) অবৈধ মাদক চোরাকারবারিদের বিরুদ্ধে সকল সংস্থা কর্তৃক নিয়মিত টাস্কফোর্স অভিযান পরিচালনার মাধ্যমে মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে। | ক) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার ও রেল পুলিশের সমন্বয়ে মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। | ১। পুলিশ সুপার, গাজীপুর।<br>২। ডেপুটি পুলিশ কমিশনার (ক্রাইম), জিএমপি, গাজীপুর।<br>৩। কমান্ডিং অফিসার, র‍্যাব-১, পোড়াবাড়ী, গাজীপুর।<br>৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর<br>৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর।<br>৬। উপজেলা নির্বাহী অফিসার(সকল), গাজীপুর।<br>৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর। |
| ৫. মাদক মামলা সংক্রান্ত:<br>ক) মাদক মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | ক) মোবাইল কোর্ট অভিযানে মাদক মামলায় অপরাধ প্রমাণিত হলে সর্বোচ্চ শাস্তি প্রদান নিশ্চিত করতে হবে।<br>খ) মাদক মামলার সাক্ষীর এনআইডি, মোবাইল নম্বর ও মালামাল জব্দ করে জব্দ তালিকায় রাখতে হবে। | ১। পুলিশ সুপার, গাজীপুর।<br>২। ডেপুটি পুলিশ কমিশনার (ক্রাইম), জিএমপি, গাজীপুর।<br>৩। কমান্ডিং অফিসার, র‍্যাব-১, পোড়াবাড়ী, গাজীপুর।<br>৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর<br>৫। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর। |

ডিসেম্বর/২০২৩ মাসে জেলা ও উপজেলায় টাস্কফোর্স কর্তৃক পরিচালিত অভিযানের তথ্য:

| ক্র: নং | দপ্তরের নাম | অভিযান সংখ্যা | অভিযানের ধরণ | মামলা সংখ্যা | আটককৃত পণ্যের নাম ও পরিমাণ | গ্রেফতার আসামীর সংখ্যা | পলাতক আসামী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর | ০১ দিন অভিযান ০১ টি | টাস্কফোর্স | নিয়মিত ০ মোবাইল কোর্ট ০৩ টি | গাঁজা- ০.১৫০ কেজি | ০৩ | - | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট উক্ত ০৩টি মামলা মোবাইল কোর্টের মাধ্যমে নিষ্পত্তি করেছেন। |

টাস্কফোর্স অভিযানে অংশ গ্রহণকারী সংস্থার নাম: জেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও আনসার, গাজীপুর।

ডিসেম্বর/২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর, পুলিশ এবং র‍্যাব কর্তৃক মাদকবিরোধী অভিযান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়েরকৃত মামলার সংখ্যা এবং উদ্ধারকৃত মাদকদ্রব্যের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো:

| ক্রঃ নং | বিভাগ/সংস্থার নাম | পরিচালিত অভিযানের সংখ্যা | আটককৃত মালামালের বিবরণ | মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর। | ৯০ টি | গাঁজা- ০৪.৭৭০ কেজি<br>ইয়াবা-৭০৭ পিস<br>চোলাইমদ-১১০ লিটার<br>ওয়াশ/জাওয়া-২৪০০ লিটার | ৩২ | মোট ৩২ টি মামলা। তার মধ্যে ১৮ টি মোবাইল কোর্টে এবং ১৪ টি নিয়মিত মামলা করা হয়। |
| | | | মোট= | ৩২ টি | |

Scanned with OKEN Scanner

গাজীপুর জেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্টের বিবরণীঃ-

| অভিযানের সংখ্যা | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | উদ্ধারকৃত আলামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৫ টি | ১৮টি | ১৮ জন | গাঁজা = ১.৫০০ কেজি | ১৮টি মোবাইল কোর্ট মামলায় ১৮ জন আসামীর মধ্যে, ০৩(তিন) জন আসামীকে ০১ মাস, ০১(এক) জন আসামীকে ১৫ দিনের, ০৫(পাঁচ) জন আসামীকে ১০ দিনের, ০৯ (নয়) জন আসামীকে ০৭ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে। |

| ক্রঃ নং | বিভাগ/সংস্থার নাম | পরিচালিত অভিযানের সংখ্যা | আটককৃত মালামালের বিবরণ | মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পুলিশ সুপারের কার্যালয়, গাজীপুর | ২৮ | ইয়াবা- ২৪৬২ পিস<br>গাঁজা- ৬ কেজি ২৫০ গ্রাম<br>হেরোইন- ২০ গ্রাম<br>ফেনসিডিল ৪২ বোতল<br>বিদেশীমদ-০১ বোতল | ২৮টি | গ্রেফতার-৫১ জন |
| ০২ | র‍্যাব, গাজীপুর (মহানগর ব্যতিত) | ০৩ | গাঁজা- ৪৭ কেজি<br>ফেনসিডিল-২৮০ লিটার<br>চোলাইমদ-৩০ লিটার<br>জাওয়া-১২০০ লিটার। | ০৩টি | গ্রেফতার- ০৯ জন |
| ০৩ | জিএমপি, গাজীপুর | ৬৯ | গাঁজা- ৩৯ কেজি ৭৪০ গ্রাম।<br>ইয়াবা- ২৯৪৪ পিস<br>ফেনসিডিল- ৭২ বোতল<br>হেরোইন- ৬৫ গ্রাম<br>দেশী মদ- ১০ লিটার | ৬৯টি | গ্রেফতার-৯৭ জন |
| | ডিবি পুলিশ, জিএমপি, গাজীপুর | ১১ | ইয়াবা- ৯৩৭ পিস<br>গাঁজা- ০১ কেজি ৫০০ গ্রাম<br>হেরোইন- ০৫ গ্রাম<br>ফেনসিডিল- ০৫ বোতল | ১১টি | গ্রেফতার-১৩ জন |
| ০৪ | র‍্যাব, গাজীপুর (মহানগর এলাকা) | ১৩ | গাঁজা- ৭০ কেজি<br>দেশী মদ- ৯২৪৮৮.৫০ লিটার<br>ইয়াবা- ৪০৫ পিস,<br>ট্যাবলেট-১০০ পিস<br>হেরোইন-১৩৬ গ্রাম | ১৩টি | গ্রেফতার-১৭ জন |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৭/২০২৪

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর
এবং
সভাপতি
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, গাজীপুর

Scanned with OKEN Scanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাজীপুর
E-mail-ddgazipur@dnc.gov.bd

স্মারক নং- ৫৮.০২.৩৩০০.০০০.০৬.০০২.১৫- ৬৮ তারিখ: ২৮/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। পুলিশ কমিশনার, জিএমপি, গাজীপুর।
৫। পুলিশ সুপার, গাজীপুর।
৬। ডেপুটি পুলিশ কমিশনার (ক্রাইম), জিএমপি, গাজীপুর।
৭। অধিনায়ক, র‍্যাব-১, পোড়াবাড়ী, গাজীপুর।
৮। সিভিল সার্জন, গাজীপুর।
৯। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
১০। উপজেলা চেয়ারম্যান, সদর/শ্রীপুর/কাপাসিয়া/কালীগঞ্জ/কালিয়াকৈর, গাজীপুর।
১১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/শ্রীপুর/কাপাসিয়া/কালীগঞ্জ/কালিয়াকৈর, গাজীপুর।
১২। মেয়র, কালিয়াকৈর/শ্রীপুর/কালীগঞ্জ পৌরসভা, গাজীপুর।
১৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গাজীপুর।
১৪। উপপরিচালক, জেলা সমাজ সেবা অধিদপ্তর, গাজীপুর।
১৫। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাজীপুর।
১৬। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর।
১৭। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
১৮। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, গাজীপুর।
১৯। জেলা তথ্য অফিসার, গাজীপুর।
২০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর।
২১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর।
২২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
২৩। সহকারী পরিচালক, ডিজিএফআই, গাজীপুর।
২৪। বিজ্ঞ পাবলিক প্রসিউকিটর, গাজীপুর।
২৫। সভাপতি, গাজীপুর প্রেসক্লাব।
২৬। সভাপতি, গাজীপুর জেলা রিপোর্টার্স ক্লাব।
২৭। জনাব......................................................এনজিও প্রতিনিধি/গণ্যমান্য ব্যক্তি
২৮। জনাব..........................................., স্থানীয় বাস ট্রাক শ্রমিক সমিতির সভাপতি, গাজীপুর।
২৯। জনাব......................................, নির্বাহী পরিচালক, নাটাই মহিলা উন্নয়ন সংস্থা, গাজীপুর।
৩০। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর।
৩১। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের অবগতির জন্য।

২৮.০১.২৪
(মোঃ মেহেদী হাসান)
উপপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাজীপুর।
ও
সদস্য সচিব
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি, গাজীপুর।

Scanned with OKEN Scanner